গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১৩২.১১.০০৭.২১.১৭৬

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১৫ মে ২০২৪

# বিজ্ঞপ্তি

**বিষয়: আইন ও বিচার বিভাগের (১১-২০তম গ্রেডের) শূন্য পদে নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা, ২০২৪ এর বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের (১১-২০তম গ্রেডের) শূন্য পদে নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা আগামী ২৫ মে, ২০২৪ তারিখ শনিবার বিকাল ০৩:০০ থেকে ০৪:৩০ টা (প্রযোজ্য ক্ষেত্রে) পর্যন্ত ঢাকাস্থ নিম্নোক্ত ৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে:

| ক্রম | পদের নাম | রোল নম্বরের ব্যাপ্তি | সময় | কেন্দ্রের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১২০০০০০১ থেকে ১২০০২০৭২=২০৭১ জন | বিকাল ৩.০০ থেকে ৪.৩০ পর্যন্ত | উইলস্ লিট্ল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ৮৫,কাকরাইল, রমনা, ঢাকা |
| ২. | ক্যাশিয়ার | ১৪০০০০০১ থেকে ১৪০০০২২৯=২২৯ জন | বিকাল ৩.০০ থেকে ৪.৩০ পর্যন্ত | |
| ৩. | কম্পিউটার অপারেটর | ১৩০০০০০১ থেকে ১৩০০১২৬৮=১২৬৮ জন | বিকাল ৩.০০ থেকে ৪.৩০ পর্যন্ত | |
| ৪. | হিসাব রক্ষক | ১১০০০০০১ থেকে ১১০০০৪৩৫=৪৩৫ জন | বিকাল ৩.০০ থেকে ৪.৩০ পর্যন্ত | |
| ৫. | নিরাপত্তা প্রহরী | ১৬০০০০০১ থেকে ১৬০০০০৭০=৭০ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | |
| ৬. | অফিস সহায়ক | ১৫০০০০০১ থেকে ১৫০০০১৩৮=১৩৮ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | উইলস্ লিট্ল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ৮৫, কাকরাইল, রমনা, ঢাকা |
| | | ১৫০০০১৩৯ থেকে ১৫০০৩৬৩৮=৩৫০০ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮ বেইলি রোড, ঢাকা |
| | | ১৫০০৩৬৩৯ থেকে ১৫০০৬০৩৮=২৪০০ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | সিদ্ধেশ্বরী কলেজ, ২৫, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা |
| | | ১৫০০৬০৩৯ থেকে ১৫০০৮৪৩৮=২৪০০ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | হাবীবুল্লাহ্ বাহার কলেজ, ১০/এ, সার্কিট হাউজ রোড, শান্তিনগর, ঢাকা |
| | | ১৫০০৮৪৩৯ থেকে ১৫০১১৩৩৮=২৯০০ জন | বিকাল ৩.০০ থেকে ৪.০০ পর্যন্ত | আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ৪৯/ই, আজিমপুর, ঢাকা |

০২। কেন্দ্রের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ওয়েবসাইটে (www.lawjusticediv.gov.bd) **আগামী ২৩ মে ২০২৪ তারিখে** প্রদর্শন করা হবে।

০৩। **পরীক্ষার্থীগণ আগামী ১৬ মে ২০২৪ তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।**

**পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি**

১. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য ডাউনলোডকৃত প্রবেশপত্রটি অবশ্যই সাথে আনতে হবে। ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশপত্র প্রদান করা হবে না;

২. লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে সংশ্লিষ্ট কেন্দ্রের নির্ধারিত আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থীকে অবশ্যই তার কেন্দ্রের নির্ধারিত আসনে বসতে হবে;

৩.সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোনো খাতা বা কাগজ সরবরাহ করা হবেনা এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে অবশ্যই জমা দিতে হবে;

৪. পরীক্ষার কক্ষে মোবাইল ফোন, ওয়ালেট/মানিব্যাগ, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না। পরীক্ষা চলাকালে কোনো পরীক্ষার্থী কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে বা কোনো নির্দেশ অমান্য করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে;

৫. হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের সাথে প্রার্থীর আবেদন পত্রের ছবি ও স্বাক্ষরের মিল থাকতে হবে;

৬. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূলকপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূলকপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রত্যয়নপত্রের ১ সেট ফটোকপি দাখিল করতে হবে;

৭. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৮. পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি, ফলাফল, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় আইন ও বিচার বিভাগের ওয়েবসাইটে (www.lawjusticediv.gov.bd) প্রকাশ করা হবে; এবং

৯. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তন/বাতিল এর অধিকার সংরক্ষণ করে।

১৫।০৫।২০২৪
(আশফাকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

জ্ঞাতার্থে:

১। যুগ্মসচিব (মতামত) ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, আইন ও বিচার বিভাগ।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি।